দৈনিক ইনকিলাব

তারিখ ... AUG. 4 . 1999 ...
পৃষ্ঠা 6 কলাম 8

36

### প্রাথমিক শিক্ষা কর্মচারী সমিতি

## সমন্বয় পরিষদের পেশকৃত ৫ দফা দাবী মেনে নিন

প্রেস বিজ্ঞপ্তি ঃ গত রবিবার প্রাথমিক শিক্ষা অধিদফতরস্থ বাংলাদেশ প্রাথমিক শিক্ষা সরকারী কর্মচারী সমিতির কেন্দ্রীয় কার্যালয়ে সমিতির সভাপতি জনাব রেলায়েত হোসেন চৌধুরীর সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। সভায় বক্তব্য রাখেন সর্বজনাব আবু তালেব খান, মুজিবুল হক ভুঁইয়া, নূরুল হুদা, আখতার হোসেন, খায়ের আহমদ মজুমদার, শহিদুল ইসলাম মিন্টু প্রমুখ।

নেতৃবৃন্দ অফিস সময়সূচী পরিবর্তনের নামে সচিবালয়ে সৃষ্ট বিশৃংখলা ও পুলিশী নির্যাতনের তীব্র নিন্দা করেন। সারা দেশে প্রজাতন্ত্রের সকল কর্মচারীর জন্য একই অফিস সময়সূচী বহাল রাখার জন্য দবী জানানো হয়। বিগত দিনের মত পদবী পরিবর্তন করে সচিবালয়ের কর্মচারী ও সচিবালয় বহির্ভূত কর্মচারীদের মধ্যে যে পার্থক্য সৃষ্টি করা হয়েছে সেরূপ যদি অফিস সময়েরও পার্থক্য সৃষ্টি করা হয় তবে সচিবালয় বহির্ভূত ১০ লক্ষ ৫৫ হাজার কর্মচারী তা কোন অবস্থায় মেনে নেবে না। নেতৃবৃন্দ আলোচনার মাধ্যমে সমন্বয় পরিষদ কর্তৃক, পেশকৃত ৫ দফা দাবীসহ কর্মচারীদের সকল সমস্যা সমাধানের জোর দাবী জানান।